

কবির চিঠি

ধনঞ্জয় ঘোষাল

এই তো চিরতরুণ কবি ছাতিমতলার নীচে
বহুবর্ণ রঙের মাখামাখি মাচের বসন্তোৎসব সকাল
তিনি গান গাইছেন, রবীন্দ্রনাথের সঙ্গে কথা বলছেন
নিভুতে, যখন কেউ নেই। শুধুই তিনি ও রবীন্দ্রনাথ,
একবার দেখা হয়ে গেল ভানুর সঙ্গে নীলুর।
রাণু ও নীরা সেই বলে ডেকে উঠল একে অপরকে।

প্রিয় সুনীল বলে রবীন্দ্রনাথ যে চিঠি আজ উত্তরায়ণে বসে লিখলেন,
তার
উত্তরে পরম পূজনীয় রবীন্দ্রনাথ লিখে
সুনীল একটু থামলেন, ছোট্ট বিরতি নিয়ে
ম্যাডেভিল গার্ডেনের দশ-তলা থেকে চেয়ে দেখলেন
রবীন্দ্রনাথ বলতে আসলে কোনো মানুষ নয়,
প্রতিটি আত্মআবিষ্কারের ধ্বনি হয়ে যায় রবীন্দ্রগান।

৬ কার্তিক ১৪১৯

মাবুত কাশ্যপ

আজ মনখারাপের পর মনখারাপ নিয়ে
শুয়ে আছে নীরার শহর
আকাশ অত নীল নয় আর
যতটা ছিল সেই সময় মৃত্যুর রঙে আঁকা বিষাদ
তারাও হাঁটছে ছলছল চোখে
দিকশূন্যপুরের পথে

‘মন ভালো নেই, মন ভালো নেই’...
আপনার...আমারও...